



# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

প্রকৌশল বিভাগ

(পূর্ত শাখা)

email-[khagracharipoura@gmail.com](mailto:khagracharipoura@gmail.com).



শেখ হাসিনার মুদনীতি  
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং: খা:পৌ:প্রকৌ:/২০২১/ ২৬

তারিখ: ১০/০৩/২০২১খ্রি:

## জরুরী বিজ্ঞপ্তি

এই মর্মে পৌরএলাকার ভবন মালিক ও নির্মাতা প্রতিষ্ঠান এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভবন নির্মাণের সময় জানমালের নিরাপত্তার জন্য নির্মাণাধীন ভবনের চারপাশে জাল দিয়ে ঢেকে ও নিরাপত্তা মাচা তৈরী করে ভবন নির্মাণের বিধান রয়েছে। যা ভবন মালিক ও নির্মাতা প্রতিষ্ঠান অনুসরণ করছেন না। ফলে যে কোন সময় দুর্ঘটনা ঘটে জানমালের ক্ষতি হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। ভবন মালিক ও নির্মাতা প্রতিষ্ঠানকে ভবন নির্মাণের সময় নিম্নোল্লিখিত নিরাপত্তামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

ক) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বৈদ্যুতিক লাইন হতে নিরাপদ দূরত্বে নির্মাণ কাজ করতে হবে।

খ) নির্মাণাধীন ভবনের চারপাশে নাইলনের জাল দিয়ে ঢেকে দিতে হবে।


গ) নির্মাণ সামগ্রী যাতে পড়ে না যায়, সেজন্য বাইরের দেওয়ালে নিরাপত্তামূলক মাচা(ক্যানোপি) রাখতে হবে।

ঘ) ভবনের চারপাশে নোটিশ বোর্ডে পর্যাপ্ত বিপদের চিহ্ন অথবা রঙ্গিন আলো দিয়ে বিপদ চেনার ব্যবস্থা করতে হবে।

ঙ) অভিজ্ঞ প্রকৌশলীর তত্ত্বাবধানে ইমারত নির্মাণ ও নির্মাণকালীন সবধরনের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) ভবন মালিক ও নির্মাতা প্রতিষ্ঠান এইসব বিধিবিধান অমান্য করলে ৫০,০০০.০০(পঞ্চাশ) হাজার টাকা জরিমানা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিধান রয়েছে।

অনুরোধক্রমে



(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।



অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পৌরসভা।

২। হিসাব রক্ষণ কর্মকর্তা (ভা:), খাগড়াছড়ি পৌরসভা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

৩। জনাব মো: হাসান আলী, অফিস সহায়ক, অত্রাফিস। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি পৌরসভার ০৯(নয়)টি ওয়ার্ডে আগামী ১৩/০৩/২০২০খ্রি: ০১(এক) দিন মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৪। সম্পাদক, দৈনিক অরণ্যবর্তা-খাগড়াছড়ি। আগামী ১৩/০৩/২০২১খ্রি: ০১ (এক) দিন আপনার পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।

৫। অফিস নথি।